# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং ঢাশিবো/বি/৪৪৪/মুন্সি-৬৮৪০ তারিখ: ২৪/১২/২০২৪ খ্রিঃ

**বিষয় : <u>মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।</u>**

সূত্র : ১। বোর্ডের ১৫/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির সভার সুপারিশ।
২। ১৫/১২/২০২৪ তারিখে মঞ্জুরী কমিটির সভার সুপারিশের ভিত্তিতে এবং ১৯/১২/২০২৪ তারিখের ২৩৩ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে **খলিলুর রহমান আইডিয়াল স্কুল** -কে ০১/০১/২০২৫ তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরে জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃ অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

<u>শর্তসমূহ</u>

১। মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিকে কোন অবস্থাতে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের নামে খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না।
৪। সংরক্ষিত ও সাধারণ তহবিলে যথাক্রমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) ও ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যাংকে জমা রাখতে হবে; সংরক্ষি তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
৫। মাধ্যমিক বিদ্যালয়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে মাধ্যমিক স্তরের জন্য ২০,০০,০০ (বিশ লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জ থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
৬। বিদ্যালয়ের কোড নম্বরপ্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম, ঠিকানা এবং EIIN ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে প্রয়োজনীয় ফি-সহ বোর্ডে দাখিল করতে হবে।
৭। মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ৪ (চার) মাস পূর্বে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
৮। স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে NTRCA কর্তৃক সুপারিশ ও নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
৯। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
১০। সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
১১। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
১২। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা পরিচালনা করা যাবে না।
১৩। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
১৪। উক্ত মেয়াদের মধ্যে একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরনে ব্যার্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং সেক্ষেত্রে উক্ত বিদ্যালয়ে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।
১৫। বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে এবং কোন শর্ত প্রতিপালনে ব্যার্থ হলে বোর্ড/সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
১৬। সরকার নির্ধারিত কারিকুলাম ব্যতীত অন্য কোন কারিকুলাম অনুসরণ করা যাবে না।
১৭। স্বতন্ত্র গ্রন্থাগারসহ কমপক্ষে ২০০০ (দুই হাজার) বই সংরক্ষণ করতে হবে।
১৮। দাখিলকৃত তথ্যে ভুল প্রমানিত হলে উক্ত আদেশ বাতিল বলে গন্য হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর কাজী ফয়জুর রহমান
আইডি নং-০০৯২৫১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd
ফোন: ০২-৫৮৬১০০৬৯

প্রাপক: **প্রধান শিক্ষক**
খলিলুর রহমান আইডিয়াল স্কুল
পোঃ হলদিয়া, থানাঃ লৌহজং,
জেলাঃ মুন্সিগঞ্জ।
ই.আই.আই.এন-139875

মেমো নং- ৬৮৪০(১০) তারিখ: ২৪/১২/২০২৪ খ্রিঃ

**<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ ।
৬। জেলা শিক্ষা অফিসার মুন্সিগঞ্জ ।
৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)।
৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মুন্সীগঞ্জ
dpeomunsh@gmail.com

স্মারক নং-ডিপিইও/মুন্সী/২০২৪/ ১৯৫২

তারিখ: ১৬ পৌষ ১৪৩১ বাং
৩১ ডিসেম্বর ২০২৪ খ্রি.

**বিষয়: পাঠদান অনুমতির সনদপত্র।**

সূত্র: উপজেলা শিক্ষা অফিসার, লৌহজং, মুন্সীগঞ্জ এর স্মারক নং-৪৪০ তারিখ: ২২/১২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ জেলাধীন লৌহজং উপজেলার খলিলুর রহমান আইডিয়াল স্কুল-কে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ এর বিধি ৪ এর উপ-বিধি (৫) এর অধীন প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য "পাঠদান অনুমতি" সনদ প্রদান করা হল। বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন করতে হবে যথা:-

শর্তসমূহ:

(১) সাধারণ তহবিলে অর্থের পরিমান (ব্যাংকের ব্যবস্থাপকের সনদপত্র অনতিবিলম্বে সংযুক্ত করতে হবে)

(২) সংরক্ষিত তহবিলে অর্থের পরিমান (ব্যাংকের ব্যবস্থাপকের সনদপত্র অনতিবিলম্বে সংযুক্ত করতে হবে)

(৩) বিদ্যালয়ের খেলার মাঠ বা খেলাধুলার প্রয়োজনীয় সুবিধা থাকতে হবে।

(৪) বিদ্যালয়ে নিরাপদ পানীয় জলের ব্যবস্থা থাকতে হবে।

(৫) প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণ থাকতে হবে।

(৬) বিদ্যালয়ে শিক্ষাবান্ধব পরিবেশ বজায় রাখতে হবে।

৩১/১২/২৪
(মোঃ নজরুল ইসলাম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চঃ দাঃ)
মুন্সীগঞ্জ
৩১/১২/২৪